দৈনিক জনকণ্ঠ

তারিখ ... OCT 31 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ৫

# কুমিল্লায় কলেজ হোস্টেল থেকে অস্ত্রসহ ৩৬ শিবির ক্যাডার আটক

**কুমিল্লা, ৩০ অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)** ॥ পুলিশ শুক্রবার রাতে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের নিউ হোস্টেল ও কোচিং সেন্টারে অভিযান চালিয়ে অস্ত্রসহ ছাত্রশিবিরের ৩৬ ক্যাডারকে গ্রেফতার করেছে। এদের মধ্যে কলেজের জিএস সানাউল্লাহ ইফতেখার ও নেতা মাহবুব রয়েছে। এদের কাছ থেকে ৮টি ককটেল, ২৪টি চকলেট বোমা, ১৫টি লোহার পাইপ, ১০টি রামদা ও কিরিচসহ তাদের ঘরে রক্ষিত বেশ কিছু পাথরের টুকরা পাওয়া গেছে। উল্লেখ্য, গত দু'দিন ধরে হোস্টেলে ছাত্রলীগ ও শিবির কর্মীদের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়া ও সংঘর্ষ চলছে। এ নিয়ে কলেজে উত্তেজনা বিরাজ করছে।